

বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়

৪, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০ ফোন : ৪৯৩৫৭৬৮২

নিয়োগ বিজ্ঞপ্তি


স্মারক নং-১৬.০২.০০০০.০০১.১৮.১১.২৯.৯০(৬ষ্ঠ খন্ড)-১৭

তারিখঃ ১৭/০৭/২০১৭ খ্রিঃ

বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের আওতাধীন নিম্নবর্ণিত শূন্য পদগুলো সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা
১। হিসাব নিরীক্ষক (অডিটর) ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	১	১৮-৩০	বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস।
২। অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	২	১৮-৩০	অষ্টম শ্রেণী পাশ।

১. সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকরির আবেদন ফরম এর মাধ্যমে আবেদন করতে হবে। এ আবেদনপত্রের ফরমটি বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের website : www.waqf.gov.bd হতে ডাউনলোড করা যাবে।
২. আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৫×৫ সে.মি. সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ-এর অনকুলে যে কোনো তফসিলি ব্যাংক হতে ১নং ক্রমিকের জন্য ১০০/- টাকা এবং ২নং ক্রমিকের জন্য ৫০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
৪. আবেদনকারীর বয়স ২০/৮/২০১৭ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৫. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৬. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা এবং নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।
৭. আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ডাক যোগাযোগের ঠিকানা সম্বলিত ৮"×৪" সাইজের ডাকটিকেটযুক্ত ফেরত খাম সংযুক্ত করে দিতে হবে। আবেদনপত্রে খামের বাম পার্শ্বে নীচে পদের নাম উল্লেখ করতে হবে।
৮. যে কোনো ধরনের তদবির অথবা সুপারিশ চাকরি প্রার্থীর জন্য অযোগ্যতা বলে বিবেচিত হবে।
৯. আবেদনপত্র মোঃ শহীদুল ইসলাম, ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ৪ নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী ২০/০৮/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
১০. এ পদে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাঁদের পুনঃ আবেদন করার প্রয়োজন নেই।
১১. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।


মোঃ শহীদুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ